

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অনেক ছেলে আছে, যার বিয়ের আগে হবু বউকে দেখতে লজ্জা করে এবং বলে, 'মা-বোন দেখলেই যথেষ্ট। তাদের পছন্দ হলে আমারও পছন্দ হয়ে যাবে।' এটা কি ঠিক?

এ হল সেই ছেলেদের কথা, যার নিজের মা বোনকে চরম শ্রদ্ধা ও ভক্তি করে। কিন্তু তার ফলে নিজের জীবনের একটি মহাফয়সালার সময়ে তাদের অন্ধভক্তি সাজা ঠিক নয়। বরং অন্ধভক্ত সাজাতে হলে তাদের থেকেও বেশি প্রিয় মহানবী (সঃ) এর সাজাতে হয়। তিনি বলেছেন, "যখন তোমাদের কেউ কোন মহিলাকে বিবাহ প্রস্তাব দেয়, তখন যদি প্রস্তাবের জন্যই তাকে দেখে, তবে তা দূষণীয় নয়; যদিও ঐ মহিলা তা জানতে না পারে।" ৫৬৬ (সিলসিলাহ সহীহাহ ৯৭ নং)

এক মহিলার সাথে মুগীরাহ বিন শু'বাহর বিয়ের কথা পাকা হল। তিনি তাকে বললেন, 'তাকে দেখে নাও। কারণ তাতে বেশি আশা করা যায় যে, তোমাদের ভালবাসা চিরস্থায়ী হবে।' ৫৬৭ (আহমাদ ৪/২৪৪,২৪৬, তিরমিয়ী ১০৮৭ নং, নাসাঈ ৬/৬৯, ইবনে মাজাহ ৮৬৬ নং) সুতরাং এই নির্দেশের উপরে মা বোনের দেখার প্রাধান্য দেওয়া জ্ঞানী যুবকের উচিৎ নয়। যাতে তাকে পরে পস্তাতে না হয় এবং মা বোনের ঘাড়ে দোষ চাপিয়ে তাদের প্রতি অভক্তি না চলে আসে। যেহেতু বিয়ের আগে দেখে অপছন্দ হলে তাকে বর্জন করার সুযোগ থাকবে, কিন্তু বিয়ের পরে সে সুযোগ বিরল।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=444

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন